17

দৈনিক বাংলা

তারিখ ... 17 SEP 1992 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# গণশিক্ষা কর্মসূচী সফল করুন ঃ প্রেসিডেন্ট

রাজশাহী, ১৬ সেপ্টেম্বর (বাসস)।– প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস মূল্যায়ন ও বাস্তব দৃষ্টিভঙ্গির মাধ্যমে বর্তমান গণ-তান্ত্রিক সরকারের গৃহীত গণশিক্ষা কর্ম-সূচী সফল করতে সবার প্রতি আহ্বান জানিয়েছেন।

তিনি বলেন, একটি আদর্শ জাতি গঠন এবং আর্থ-সামাজিক অগ্রগতি অর্জনে শিক্ষা অপরিহার্য শর্ত।

প্রেসিডেন্ট আজ বুধবার স্থানীয় জেলা

(আটের পাতায় ৭-এর কঃ দ্রঃ)

## গণশিক্ষা কর্মসূচী

(প্রথম পৃষ্ঠার পর)

পরিষদ হলে রাজশাহী বিভাগের কর্ম-কর্তাদের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার ওপর সারাদিন ব্যাপী এক সম্মেলন উদ্বোধন করছিলেন।

তিনি বলেন ঃ বর্তমান সরকার শিক্ষাকে অগ্রাধিকার দিয়েছে এবং এই খাতে সর্বোচ্চ বাজেট বরাদ্দ করেছে। প্রেসিডেন্ট বলেন ঃ সার্বজনীন প্রাথমিক শিক্ষা এবং প্রাথমিক শিক্ষকদের কল্যাণে ৫০৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

### মাজার পরিদর্শন

এর আগে প্রেসিডেন্ট বিশ্বাস চাঁপাই-নবাবগঞ্জ জেলার শিবগঞ্জ থানার গৌড়ে হযরত শাহ ওয়ালি নিয়ামতউল্লাহর (রঃ) মাজার পরিদর্শন করেন এবং সেখানে ফাতেহা পাঠ করেন। তিনি মাজারের পুকুরে মাছও ছাড়েন।

### শহীদের কবর পরিদর্শন

প্রেসিডেন্ট ঐতিহাসিক সোনা মসজিদ প্রাঙ্গণে শহীদ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহা-ঙ্গীর বীরশ্রেষ্ঠ এবং মেজর নাজমুল হক টুলুর কবরস্থানও পরিদর্শন করেন। স্বাধী-নতা যুদ্ধের সময় তারা শহীদ হন।

সোনা মসজিদ প্রাঙ্গণে এক সমাবেশে প্রেসিডেন্ট স্বাধীনতাযুদ্ধে শহীদদের ত্যাগ ও আদর্শে অনুপ্রাণিত হওয়ার জন্য সবার প্রতি আহ্বান জানান।

তিনি বলেন, মুক্তিযোদ্ধারা গণতন্ত্র এবং দেশের শান্তি ও অগ্রগতির জন্য তাদের জীবন দিয়েছেন। তারা আমাদেরকে একটি স্বাধীন জাতি হিসাবে মাথা উঁচু করে দাঁড়াতে সক্ষম করেছেন।

তিনি বলেন গণতন্ত্র অর্জিত হয়েছে। অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে প্রতিষ্ঠিত গণতান্ত্রিক সরকারের হাতকে শক্তিশালী করে অগ্রগতি ও সমৃদ্ধির জন্য সবাইকে নিষ্ঠাবান হতে হবে।

প্রেসিডেন্ট স্থানীয় চেয়ারম্যানদের এক সমাবেশেও বক্তৃতা করেন। তিনি পল্লী এলাকার উন্নয়নের জন্য তাদের কাজ করার আহ্বান জানান।

হুইপ অধ্যাপক শাহজাহান মিয়া এমপিও অনুষ্ঠানে বক্তৃতা করেন।

প্রেসিডেন্ট বিশ্বাস উত্তরাঞ্চলের জেলাগুলোতে দুই দিনের সফরে রয়েছেন। তিনি আজ বিকালে রাজশাহী পৌঁছেন।